বিসিপিএস নং- ৭৭৬/২০২১/

তারিখঃ ৩০/১২/২০২১ খ্রিঃ

বিজ্ঞপ্তি

বিসিপিএস এর ফেলোশীপ প্রোগ্রামের আওতায় যে সকল অবৈতনিক প্রশিক্ষণার্থী ০১ জানুয়ারি ২০২২ খ্রিঃ তারিখে ফেলোশীপ প্রশিক্ষণে প্রবেশ করবেন বা যাঁদের প্রশিক্ষণে প্রবেশের বিষয়টি প্রক্রিয়াধীন আছে, তাঁদেরকে শর্ত সাপেক্ষে পারিতোষিক প্রদান করা হবে। এমতাবস্থায়, কলেজের ওয়েবসাইটের এ লিঙ্কে (http://application.bcps.edu.bd) প্রবেশ করে অনলাইন আবেদন ফরমটি যথাযথভাবে পূরণ করে **আগামী ৩১ জানুয়ারি ২০২২ খ্রিঃ** তারিখের মধ্যে প্রিন্ট কপি ও প্রয়োজনীয় কাগজপত্র সহ কলেজের আরটিএম বিভাগ (ব্লক-বি,২য় তলা) এ জমা দেয়ার জন্য সংশ্লিষ্ট সবাইকে অনুরোধ করা যাচ্ছে।

উল্লেখ্য যে, যাঁরা এফসিপিএস ১ম পর্ব পাশ করেননি বা সাব-স্পেশালিটি বিষয়ে এনরোলমেন্ট সম্পন্ন করেননি তাঁরা এ ভাতার আওতায় আসবেন না। **ইতিপূর্বে যাঁরা পারিতোষিকের জন্য আবেদন করেছেন, তাঁদের পুনরায় আবেদন করার প্রয়োজন নাই।**

এতদ্সংক্রান্ত বিষয়ে বিস্তারিত তথ্য জানার জন্য কলেজের ওয়েবসাইট www.bcps.edu.bd ভিজিট করুন।

(অধ্যাপক মোঃ বিল্লাল আলম)
অনারারি সচিব, বিসিপিএস।

বিসিপিএস এর ফেলোশীপ ট্রেনিং প্রোগ্রামের আওতায় অবৈতনিক প্রশিক্ষণার্থীদের ভাতাদি বাবদ সহায়তা (পারিতোষিক) প্রদান অনলাইন আবেদন ফরমটি পূরণের নিয়মাবলীঃ

১. Name, Father's/Spouse Name, Mother's Name (in Block Letter) রেজিস্ট্রেশন করার সময় নামের পূর্বে Dr. লেখার প্রয়োজন নেই।

২. একটি ইমেইল আইডি ও মোবাইল নাম্বার একাধিক আবেদনকারীর রেজিস্ট্রেশনের জন্য ব্যবহার করা যাবে না। নিরাপত্তা ও গোপনীয়তার স্বার্থে রেজিস্ট্রেশনের সময় শুধুমাত্র ব্যক্তিগত ইমেইল আইডি ও মোবাইল নাম্বার ব্যবহার করুন।

৩. বিএমডিসি নম্বর লেখার ক্ষেত্রে প্রথমে A লেখার প্রয়োজন নেই। একটি বিএমডিসি নম্বর দিয়ে শুধুমাত্র ১ বারই আবেদন করা যাবে। পূর্বে পারিতোষিকের জন্য আবেদন করলে পুনরায় আবেদন করার প্রয়োজন নাই।

৪. যারা চলতি সেশনে এফসিপিএস পার্ট-১ পাশ করেছেন এখনও রেজিস্ট্রেশন করার সুযোগ হয়নি তারা কেবল অনলাইন রেজিস্ট্রেশন ব্যবহার করতে পারবেন (পার্ট-১ পাশের Admit Card এর রেজিস্ট্রেশন নম্বর) যা A দিয়ে শুরু। অন্যরা এফসিপিএস পার্ট-১ পাশের পর রেজিস্ট্রেশন নম্বর (যা আইটি বিভাগ সরবরাহ করেছে) ব্যবহার করবেন।

৫. বর্তমানে কোথাও ডিপ্লোমা/ রেসিডেন্সি কোর্স/ সরকারি চাকুরি/ বেসরকারি চাকুরি তে থাকলে Yes এ ক্লিক করতে হবে এবং শুরুর তারিখ ও শেষ হওয়ার সম্ভাব্য তারিখ পূরন করতে হবে। বর্তমানে কোথাও ডিপ্লোমা/ রেসিডেন্সি কোর্স/ সরকারি চাকুরি/ বেসরকারি চাকুরিতে না থাকলে No এ ক্লিক করতে হবে।

৬. বর্তমানে কোথাও ট্রেনিং এ থাকলে Yes এ ক্লিক করতে হবে এবং কোন সুপারভাইজারের অধীনে প্রশিক্ষণ নিচ্ছেন তা উল্লেখপূর্বক চলতি ৬ মাসের প্রশিক্ষণ শুরুর তারিখ ও শেষ তারিখ পূরন করতে হবে। বর্তমানে কোথাও ট্রেনিং এ না থাকলে No এ ক্লিক করতে হবে।

৭. পূর্বের কোন ট্রেনিং/ ডিপ্লোমা/ এফসিপিএস কোর্স থাকলে প্রতিষ্ঠানের নাম সহ কোন সুপারভাইজারের অধীনে ট্রেনিং করেছিলেন তা উল্লেখপূর্বক শুরুর তারিখ ও শেষ তারিখ পূরন করতে হবে।

৮. অবশিষ্ট প্রশিক্ষণের ক্ষেত্রে পছন্দক্রম অনুযায়ী প্রতিষ্ঠানের নাম সহ কোন সুপারভাইজারের অধীনে কতদিন ট্রেনিং করতে ইচ্ছুক তা উল্লেখপূর্বক প্রশিক্ষণ গ্রহণের শুরুর তারিখ ও শেষ তারিখ পূরন করতে হবে।

৯. আবেদনকারীর অবশ্যই ব্যাংকে ব্যক্তিগত হিসাব থাকতে হবে। ব্যাংকের ব্যক্তিগত হিসাব এর বিপরীতে রাউটিং নম্বর যুক্ত চেক বহি (ফটোকপি) জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।

১০. সাবমিশন বাটনে ক্লিক করার পর পিডিএফ কপি না আসলে বুঝতে হবে ঠিকমত সাবমিট হয়নি সেক্ষেত্রে পূনরায় আবেদন করতে হবে। আবেদন সাবমিট করার পরে উক্ত আবেদন প্রিন্ট করে অফিস চলাকালীন সময়ে নির্দিষ্ট সময়ের মধ্যে প্রয়োজনীয় কাগজপত্র সহ কলেজের আরটিএম বিভাগে জমা দিতে হবে।

১১. যাঁরা এফসিপিএস ১ম পর্ব পাশ করেননি বা সাব-স্পেশালিটি বিষয়ে এনরোলমেন্ট সম্পন্ন করেননি তাঁরা এ ভাতার আওতায় আসবেন না। ইতিপূর্বে যাঁরা পারিতোষিকের জন্য আবেদন করেছেন, তাঁদের পুনরায় আবেদন করার প্রয়োজন নাই।

১২. যে সকল প্রশিক্ষণার্থী বেসরকারী প্রতিষ্ঠানে প্রশিক্ষণরত আছেন তাঁদেরকে অবশ্যই বিল ফরম দাখিলের সময় উক্ত প্রতিষ্ঠানে সম্পূর্ন অবৈতনিক হিসেবে প্রশিক্ষণ গ্রহণ করছেন এই মর্মে সুপারভাইজার স্বাক্ষরিত ও হাসপাতাল পরিচালক/ কর্তৃপক্ষ কর্তৃক প্রতিস্বাক্ষরিত প্রত্যয়ন পত্র জমা দিতে হবে।

১৩. সকল প্রশিক্ষণার্থীকে অবশ্যই বিল ফরম দাখিলের সময় যেই সময়ের জন্য বিল ফরম দাখিল করা হয়েছে উক্ত সময় প্রশিক্ষণরত ছিলেন এই মর্মে অফিস আদেশ/ প্রজ্ঞাপন জমা দিতে হবে।

১৪. আবেদন ফরম জমাদানের পর প্রশিক্ষণার্থীরা যদি আবেদন ফরমে উল্লেখিত বা আরোপিত কোন তথ্যের পরিবর্তন করতে চান তবে তাঁদেরকে অবশ্যই আরটিএম বিভাগে অনারারি পরিচালক আরটিএম বরাবর আবেদনের মাধ্যমে অবহিত করতে হবে।

১৫. আবেদনপত্র সংক্রান্ত যে কোন সমস্যার ক্ষেত্রে কলেজের আরটিএম বিভাগে যোগাযোগ করুন।

সংযুক্ত কাগজাদিঃ (আরটিএম বিভাগে প্রিন্ট কপি জমা দেয়ার সময় নিম্মোক্ত কাগজপত্র অবশ্যই সংযুক্ত করতে হবে)।

1. Attested Two copies of recent passport size coloured photograph
2. Attested copy of Congratulation letter of FCPS Part-I/ Document of FCPS Part-1 result
3. Attested copy of Certificate of MBBS/BDS
4. Attested copy of Permanent registration certificate of BMDC
5. Attested copies of Training certificates (if applicable)
6. Photocopy of a page of the Bank Cheque book mentioning A/C no. & routing no.
7. Attested copy of National ID card
8. Photocopy of joining letter and Office order
9. Attested copies of other documents (if any)

বিঃদ্রঃ

এফসিপিএস ১ম পর্ব পাস করা অবৈতনিক প্রশিক্ষণার্থীগণ একবার ভাতা প্রাপ্ত হওয়ার পর বিরতি দিয়ে পুনরায় প্রশিক্ষণ শুরু করলে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে প্রশিক্ষণ ভাতা প্রাপ্য হবেনঃ

১) প্রশিক্ষণ থেকে বিরতি নেয়ার পূর্বে প্রশিক্ষণার্থীকে অবশ্যই কলেজের আরটিএম বিভাগ ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের কর্তৃপক্ষের নিকট থেকে অনুমতি নিতে হবে।

২) বিরতি নেয়ার পর পুনরায় প্রশিক্ষণে যোগদান করলে প্রশিক্ষণার্থীকে কলেজের আরটিএম বিভাগে লিখিত আবেদন সহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের যোগদানপত্র এবং সংশ্লিষ্ট যাবতীয় কাগজপত্রাদি কলেজের আরটিএম বিভাগে জমা দিতে হবে।

৩) ০৫ বছর মেয়াদী ফেলোশীপ প্রোগ্রামের আওতায় প্রশিক্ষণ গ্রহণকালে যুক্তিসঙ্গত কারণে একজন প্রশিক্ষণার্থী সর্বোচ্চ ০৩ বার প্রশিক্ষণে বিরতি নিতে পারবেন।